

ঢাকা ওয়াসা

বার্ষিক ক্রয় পরিকল্পনার অনুমোদিত কপি।
অনুমোদিত দর ও পিডরিউডি এর অনুমোদিত রোট সিডিউলের কপি।
ক্যালকুলেশন শীট।
প্রকল্পন।

বিষয়ঃ Cleaning, Maintenance & Removing Sewer garbage from Sewer Manhole of BUET and adjacent area Under MODS Zone-2 Dhaka WASA শীর্ষক কাজ প্রসঙ্গে।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোন-২ এলাকা ঢাকা মহানগরীর অন্যতম জনবহুল বানিজ্যিক, আবাসিক এবং পর্যটন এলাকা। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেলা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা বিদ্যমান রয়েছে। এছাড়া চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক, ব্যবসায়ী ব্যক্তিও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার Sewerage Network এবং প্রায় ৩৫০০ টি Manhole ও Y pit বিদ্যমান রয়েছে। উক্ত Sewerage Network দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে Mass Cleaning কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় Sewerage Network Block হয়ে Sewer flow বাধা প্রাপ্ত হচ্ছে। যার ফলে বিভিন্ন এলাকায় মাঝে মাঝেই Sewer over flow হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধিসহ সাধারণ জন চলাচল বিঘ্নিত হচ্ছে। Sewer overflow কারণে প্রায়শই অভিযোগ পাওয়া যায়। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা Sewer overflow নিরসনের কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে Sewer flow বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে জরুরী ভাবে কাজ করা হয়। BUET এর আবাসিক এলাকা অর্থাৎ শিক্ষক-কর্মচারী এবং ছাত্রদের হল গুলোর পয়ঃ লাইন জ্যাম। যার ফলে আবাসিক এলাকায় বসবাসকারী শিক্ষক-কর্মচারী এবং ছাত্রদের চলাচল কষ্ট হচ্ছে। BUET and adjacent area Sewer overflow দ্রুত নিরসনের জন্য বুয়েট কর্তৃপক্ষ মৌখিক ভাবে অনুরোধ করেছে। উক্ত কাজ সম্পন্ন করার লক্ষ্যে PWD-2022 এর অনুমোদিত রোট সিডিউলের দর অনুযায়ী প্রাক্কলন তৈরি করা হয়েছে (ক্রঃ নং-৪ দ্রঃ)। উল্লেখ্য যে প্রাক্কলনে PWD-2022 এর অনুমোদিত রোট সিডিউলের দর (ভ্যাট ১০% সংযুক্ত) এর সাথে ভ্যাট ৫% অতিরিক্ত ধরা হয়েছে (ক্রঃ নং- ০২ দ্রঃ)। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্ব মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪,৯০,৫৩০.৭৬১ (চার লক্ষ নব্বই হাজার পাঁচশত ত্রিশ দশমিক সাত ছয় এক) মাত্র (ক্রঃ নং-৩ ও ৪ দ্রঃ)। উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোন-২ এর ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার “Sewer Line Maintenance” খাতে ক্রমিক নং- ৫৫ এর SLM-6 এ LTM অন্তর্ভুক্ত রয়েছে (ক্রঃ নং-১ দ্রঃ)।

০২। এমতাবস্থায়, Cleaning, Maintenance & Removing Sewer garbage from Sewer Manhole of BUET and adjacent area Under MODS Zone-2 Dhaka WASA কাজটি পিপিআর ২০০৮ এর বিধি-৬৩ অনুসরণে সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত ৪,৯০,৫৩০.৭৬১ (চার লক্ষ নব্বই হাজার পাঁচশত ত্রিশ দশমিক সাত ছয় এক) টাকার প্রাক্কলনটি অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

২৫/০৭/২৫

মোঃ হাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

মোঃ হালিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াসার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা

২৫/০৭/২৫

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

২৫/০৭/২৫

মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

SE (MODS-1)

২৫/০৭/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।